গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালত-এর কার্যালয়, নাটোর।

স্মারক নং- ৩২/এডম

তারিখ-১১/০৩/২০২৫ খ্রিঃ

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা ও দায়রা জজ আদালত, নাটোর-এর গত ১২/০১/২০২৫ খ্রিঃ তারিখে এবং ১৫/০১/২০২৫ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত পরীক্ষা আগামী ২২/০৩/২০২৫ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে নবাব সিরাজ-উদ্-দৌলা সরকারি কলেজ, নাটোর ও রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর-এ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে প্রার্থীদের দরখাস্ত যাচাই বাছাই অন্তে বৈধ প্রার্থীদের অনুকূলে ডাকযোগে প্রবেশপত্র ইস্যু করা হয়েছে।

সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
১ম আদালত, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত-এর কার্যালয়, নাটোর।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-১২৪

তারিখ- ২৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ। / ১২ জানুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ।

নাটোর জেলা ও দায়রা জজ আদালতের অধীন বিভিন্ন আদালত ও দপ্তরে নিম্নলিখিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে প্রতিটি পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০১ (এক)টি | গ্রেড-১৩<br>১১,০০০-২৬৫৯০ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দ গতি সম্পন্ন<br>গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭(সাত)টি | গ্রেড-১৪<br>১০,২০০-২৪,৬৮০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ. এস. সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ গতি সম্পন্ন<br>গ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ গতি সম্পন্ন এবং<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ৩ | বেঞ্চ সহকারী/ নাজির/নিম্নমান সহকারী/অফিস সহকারী -কাম- কম্পিউটার অপারেটর | ১০(দশ)টি | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ. এস. সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন |
| ৪ | জারীকারক | ০৬ (ছয়)টি | গ্রেড-১৯<br>৮৫০০-২০৫৭০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে এস. এস. সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | অফিস সহায়ক | ১০(দশ)টি | গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় নুন্যতম ২য় বিভাগের বা সমমানের জি.পি.এ সহ উত্তীর্ণ। |

## শর্তাবলিঃ

১। নিয়োগ এর ক্ষেত্রে আইন অনুয়ায়ী সকল বিধি বিধান অনুসরণ করা হবে।

২। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, নাটোর বরাবর স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা ও মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) নিজ জেলা (চ) জন্ম তারিখ (ছ) ২৮.০১.২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয় পরিচয়পত্র নম্বর (বা) ইমেইল (যদি থাকে) স্পষ্টাক্ষরে উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

৩। আবেদনপত্র আগামী ২৮.০১.২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন রেজিস্ট্রি ডাকযোগে অথবা সরাসরি সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, নাটোর বরাবর প্রেরণ করতে হবে। খামের উপর আবশ্যিকভাবে পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। ২৮.০১.২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের, সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদের / কোটায় আবেদন ক্ষেত্রে কোটার সনদের সত্যায়িত অনুলিপি(প্রযোজ্য ক্ষেত্রে এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনুলিপি ও সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

খ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/- (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫-৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

৬। বিভাগীয় প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করা এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। বিগত ১২/০১/২০২০ খ্রিস্টাব্দ তারিখের দৈনিক প্রথম আলো ও দৈনিক উত্তরবঙ্গ বার্তা পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে আবেদনকারীদের পূণরায় আবেদন করার আবশ্যকতা নাই। তবে বয়স থাকলে অন্য পদে আবেদন করতে পারবেন।

১২।একজন ব্যক্তি চাইলে একাধিক পদে আবেদন করতে পারেন।তবে সকল পদের পরীক্ষা একই তারিখে ও একই সময়ে অনুষ্ঠিত হবে।

ভিজিট করুন- https://natore.judiciary.gov.bd/bn/notice-more

স্বাক্ষরিত/-
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
২য় আদালত, নাটোর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি**
**ও**
**অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত-এর কার্যালয়, নাটোর।**

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-১৩৭

তারিখ- ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ।
১৫ জানুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ।

অত্র কার্যালয়ের গত ১২/০১/২০২৫ খ্রিঃ তারিখের ১২৪ নং স্মারক মোতাবেক দৈনিক আমার দেশ ও দৈনিক জনদেশ পত্রিকায় প্রকাশিত গত ১৩/০১/২০২৫ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তিতে ৫নং ক্রমিকে বর্ণিত 'অফিস সহায়ক' পদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা কলামে অপ্রণিধানবশতঃ 'কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় নুন্যতম ২য় বিভাগের বা সমমানের জি.পি.এ সহ উত্তীর্ণ"- উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে, উক্ত পদের জন্য নিম্নলিখিতরূপে যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হল।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৫। | অফিস সহায়ক | ১০(দশ)টি | গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি. বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

অন্যান্য পদের শর্তাবলি অপরিবর্তিত থাকবে।
সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ইহা প্রচার করা হল।
ভিজিট করুন- https://natore.judiciary.gov.bd/bn/notice-more

স্বাক্ষরিত/-
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
২য় আদালত, নাটোর।